02 SEP 2016

NEWAGE

তারিখ ... 02 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

ময়মনসিংহ

## ভর্তি বিজ্ঞপ্তি

### স্নাতক (লেভেল-১ সিমেস্টার-১) শ্রেণী

### শিক্ষাবর্ষঃ ২০১৬-২০১৭

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সিমেস্টার-১) শ্রেণীতে ভর্তিচ্ছুক আবেদনকারীদের নিকট থেকে অনলাইনে (online) অথবা মোবাইল থেকে SMS এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://admission.bau.edu.bd) এ ভর্তি সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে।

১. আসন সংখ্যাঃ ১২০০ (এক হাজার দুই শত)

| ক্রঃ নং | অনুষদের নাম | আসন সংখ্যা | | | মোট |
|---|---|---|---|---|---|
| | | সাধারণ | মুক্তিযোদ্ধা | উপজাতীয় | |
| ১. | ভেটেরিনারি অনুষদ | ১৮০ | ১০ | ১ | ১৯১ |
| ২. | কৃষি অনুষদ | ৩৮১ | ২০ | ১ | ৪০২ |
| ৩. | পশু পালন অনুষদ | ১৮০ | ১০ | ১ | ১৯১ |
| ৪. | কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ | ১২৬ | ৬ | ১ | ১৩৩ |
| ৫. | কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ | | | | |
| | i. এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ৯৪ | ৫ | ১ | ১০০ |
| | ii. ফুড ইঞ্জিনিয়ারিং | ৪৮ | ২ | | ৫০ |
| ৬. | মাৎস্য বিজ্ঞান অনুষদ | ১২৬ | ৬ | ১ | ১৩৩ |
| | সর্বমোট = | ১১৩৫ | ৫৯ | ৬ | ১২০০ |

২. আবেদনের ন্যূনতম যোগ্যতাঃ

ক) ২০১৩/২০১৪ সালে এসএসসি/সমমান এবং ২০১৫/২০১৬ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাস করতে হবে।

খ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় সমষ্টিগতভাবে ন্যূনতম জিপিএ ৯.০ পেতে হবে। তবে সকল আবেদনকারীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে না। আবেদনকারীদের মধ্যে থেকে মেধা ভিত্তিতে মোট আসন সংখ্যার সর্বোচ্চ ১০ (দশ) গুনক অর্থাৎ সর্বোচ্চ ১২০০০ (বার হাজার) জনকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

গ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত এবং জীববিদ্যা আলাদা বিষয় হিসেবে থাকতে হবে।

৩. আবেদনের সময়সীমাঃ ০৭ সেপ্টেম্বর থেকে ০৬ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত।

৪. আবেদনের নিয়মাবলীঃ

ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নিম্ন বর্ণিত দুইটি পদ্ধতির যে কোন একটির মাধ্যমে আবেদন করা যাবেঃ

ক) অনলাইনের (online) মাধ্যমে ঃ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://admission.bau.edu.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। উক্ত ফরমটি যথাযথভাবে পূরণ করা হলেই আবেদনকারীর জন্য একটি বিল নাম্বার (Bill Number) তৈরী হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

খ) SMS এর মাধ্যমেঃ

SMS এর মাধ্যমে আবেদনের জন্য আবেদনকারীর নিজস্ব মোবাইল (যে কোন অপারেটরের) ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে MMS <স্পেস> BAU <স্পেস> SSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> SSC পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <স্পেস> SSC পাসের সাল <স্পেস> SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> HSC পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <স্পেস> HSC পাসের সাল <স্পেস> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> কাঙ্ক্ষিত কোটার কীওয়ার্ড লিখে (কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে) ৬৯৬৯ নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোন কীওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

সঠিক আবেদনকারীর ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে SMS এর মাধ্যমে উক্ত মোবাইলে একটি বিল নাম্বার (Bill Number) প্রদান করা হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

কোটা সমূহের কীওয়ার্ডঃ মুক্তিযোদ্ধার সন্তান/নাতী/নাতনী হলে FF, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি হলে HT এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতিত অন্যান্য অঞ্চলের উপজাতি হলে OT।

শিক্ষা বোর্ডের কীওয়ার্ডঃ ঢাকা DHA, রাজশাহী RAJ, চট্টগ্রাম CHI, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, কারিগরি TEC

৫. আবেদন ফি প্রদানের নিয়মাবলী ঃ

ক) ডাচ্ বাংলা ব্যাংকের (DBBL) মোবাইল ব্যাংকিং একাউন্ট অথবা এজেন্ট পয়েন্টের মাধ্যমে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের Biller ID ৩৩৬ নং এ আবেদন ফি বাবদ ৭০০ (সাত শত) টাকা জমা দিতে হবে। Payment প্রদানের আরো বিস্তারিত নিয়মাবলী Flow-chart আকারে ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ) Payment সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষনিক একটি SMS আসবে, যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে। এই Transaction ID টি সংরক্ষণ করতে হবে; কেননা Payment প্রদানে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য Transaction ID টি উল্লেখ করে admission@bau.edu.bd এ যোগাযোগ করতে হবে। Payment সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা, তা জানতে চাইলে MMS <স্পেস> BAU <স্পেস> PAY <স্পেস> Bill Number লিখার পর 6969 নম্বরে SMS করতে হবে।

৬. প্রবেশপত্র ডাউনলোড

ক) আবেদনকারীগণ ১৬ থেকে ২৭ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে ওয়েবসাইট (http://admission.bau.edu.bd) থেকে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। প্রবেশপত্র ডাউনলোডের পূর্বে আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সফ্ট কপি (JPG format, ফাইল সাইজ ৫০ কিলো বাইটের মধ্যে) আপলোড করতে হবে।

খ) কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে নিম্নলিখিত রেকর্ডপত্রের সফ্ট কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে, অন্যথায় তাদের কোটায় ভর্তির আবেদন বিবেচিত হবে নাঃ

i) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র।

ii) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল হলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

iii) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি আবেদনকারীকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্র।

গ) প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজ অফসেট পেপারে প্রিন্ট করে নিতে হবে এবং Student's Signature এর উপরে আবেদনকারীকে স্বাক্ষর করে পরীক্ষার দিন সঙ্গে নিয়ে আসতে হবে। প্রবেশপত্র ব্যতিত কোন আবেদনকারীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৭. লিখিত নির্বাচনী পরীক্ষা

P.T.O